

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০১.০০৪.২০.৯

তারিখ: ১ শ্রাবণ ১৪২৭

১৬ জুলাই ২০২০

বিষয়: রিট পিটিশন নং-২৭৪/২০২০ মামলায় সরকার পক্ষের জবাব (**Affidavit in opposition**) দাখিলসহ এ মামলা সংক্রান্তে প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডিতে তথ্যপ্রেরণ প্রসঙ্গে।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ১৯.০১.২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকমহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব আবুল কাশেম, পিতা: হোসেন আলী সরকার এবং কুমিরুননেছা, দাতা এবং প্রতিষ্ঠাতা চেয়ারম্যান, ম্যানেজিং কমিটি, দেবরাইপেক টেকনিক্যাল এ্যান্ড বি.এম কলেজ, গ্রাম: দেবরাইপেক, ডাক: ছিনাদুলি, থানা: ইসলামপুর, জেলা: জামালপুর কর্তৃক মহামান্য হাইকোর্ট রিট পিটিশন নং-২৭৪/২০২০ মামলাটি দায়ের করা হয়েছে।

০২. মামলাটির রুল নিশি জারির আদেশ পর্যালোচনা করে দেখা যায় যে, কলেজ (দেবরাইপেক টেকনিক্যাল এ্যান্ড বি.এম কলেজ) ক্যাম্পাসের স্থান (গ্রাম: দেবরাইপেক, ডাক: ছিনাদুলি, থানা: ইসলামপুর, জেলা: জামালপুর থেকে গ্রাম: গোনাপড়া, ডাক: জিলাবাড়ি, উপজেলা: ইসলামপুর, জেলা: জামালপুর-এ) পরিবর্তনের কারণে সংক্ষুব্ধ হয়ে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের স্মারক নং-৫৭.১৭.০০০০.৪০২.২১.১০৩.১৯.১৮১/২৯০, তারিখ: ২৪.০৪.২০১৯-কে চ্যালেঞ্জ করে মামলাটি দায়ের করা হয়েছে। অর্থাৎ মামলার বিষয়বস্তুর সাথে কারিগরি শিক্ষা বোর্ড জড়িত।

০৩. রিট পিটিশন নং-২৭৪/২০২০ মামলায় সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপনডেন্ট, মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর-কে ৩ নং রেসপনডেন্ট এবং চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-কে ২ নং রেসপনডেন্টসহ মোট ৯ (নয়) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৪. মামলাটিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, রুল নিশি জারির প্রেক্ষিতে কোন জবাব (**Affidavit in opposition**) মহামান্য হাইকোর্ট দাখিল হয়েছে কী-না এবং মামলাটির সর্বশেষ অবস্থা কী: এ সকল বিষয়ে প্রমাণকসহ প্রয়োজনীয় তথ্য মামলা বিষয়ে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা এবং পরবর্তী প্রয়োজনীয় আইনী ব্যবস্থা ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজন।

০৫. এমতাবস্থায় উপরিউক্ত বিষয় বিবেচনাক্রমে রিট পিটিশন নং-২৭৪/২০ মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে **Affidavit in opposition** দাখিলক্রমে(ইতোপূর্বে দাখিল না হয়ে থাকলে) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে প্রমাণকসহ গৃহীত ব্যবস্থার তথ্যাদিসহ আগামী ১১.০৮.২০২০ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে জবাবীপত্র প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

১৬-৭-২০২০

ড. মো: মহাবাব হোসেন  
সংযুক্ত কর্মকর্তা (আইন)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সিসটেম এ্যানালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



১৬-৭-২০২০

ড. মো: মহাতাব হোসেন  
সংযুক্ত কর্মকর্তা (আইন)